এমসি ছাত্রাবাসে গণধর্ষণের প্রতিবাদে সিলেটে উলামা মাশায়েখ পরিষদ বিক্ষোভ মিছিল

‘এমসি ছাত্রাবাসে গণধর্ষণকারীদের

দৃষ্টান্তমুলক শাস্থি নিশ্চিত করুন’

ডেস্ক রিপোর্ট: বৃহত্তর সিলেটের ১২৮ বছরের সোনালী ইতিহাস ও ঐতিহ্যের ধারক এমসি বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রাবাসে সরকার দলীয় ছাত্রদের ধারা গৃহবধুকে গণধর্ষণের প্রতিবাদে ও ধর্ষকদের দৃষ্টান্তমুলক শাস্থির দাবীতে নগরীতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে উলামা মাশায়েখ পরিষদ সিলেট। শুক্রবার বাদ জুমআ নগরীর ঐতিহাসিক কোর্ট পয়েন্ট থেকে বিক্ষোভ মিছিলটি শুরু হয়ে নগরীর গুরুত্বপূর্ণ পয়েন্ট প্রদক্ষিণ করে সুরমা মার্কেট পয়েন্টে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশের মধ্য দিয়ে সমাপ্ত হয়। মিছিলে উলামা মাশায়েখ পরিষদ সিলেটের নেতৃবৃন্দ ছাড়াও নগরীর বিভিন্ন মসজিদ থেকে বিপুল সংখ্যক মুসল্লী অংশগ্রহন করেন।

বিশিষ্ট আলেমে দ্বীন অধ্যক্ষ মাওলানা আব্দুল হালিমের সভাপতিত্বে ও অধ্যক্ষ মাওলানা ড. এ.এইচ.এম সোলায়মানের পরিচালনায় অনুষ্ঠিত মিছিল পরবর্তী সংক্ষিপ্ত সমাবেশে বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন, আলেমে দ্বীন মুফতি মাওলানা আলী হায়দার, মাওলানা আলা উদ্দীন, মাওলানা মুশাহিদ আহমদ, মাওলানা ওলিউর রহমান সিরাজী, মুহাদ্দিস মাওলানা হাবীবুল্লাহ, মাওলানা ফখরুল ইসলাম, মাওলানা আব্দুশ শহীদ, মাওলানা মাহমুদুর রহমান দিলাওয়ার, মাওলানা মাহবুবুর রহমান সিদ্দিকী, মাওলানা মখছুছুল করীম চৌধুরী, মাওলানা আব্দুল লতিফ, মাওলানা আসাদুর রহমান, মাওলানা শওকত আলী, মাওলানা মাসুদ আহমদ অনন্তপুরী, মাওলানা আব্দুল বাসিত, মাওলানা হোসাইন আহমদ ও মাওলানা কামাল উদ্দিন প্রমূখ।

মিছিল পরবর্তী সমাবেশে বক্তারা বলেন, দেশের আধ্যাত্মিক রাজধানী খ্যাত হযরত শাহজালাল (র.) ও হযরত শাহপরান (র.) সহ ৩৬০ আউলিয়ার স্মৃতি বিজড়িত পূণ্যভুমি সিলেটের মাটিতে এমসি কলেজের মতো

শতবর্ষের পুরনো ঐতিহ্যবাহী ছাত্রাবাসে স্বামীর কাছ থেকে স্ত্রীকে ছিনিয়ে নিয়ে পালাক্রমে গণধর্ষণ আইয়্যামে জাহেলিয়াতকেও হার মানিয়েছে। সারা দেশের মধ্যে সিলেটের রয়েছে গৌরবোজ্জল ইতিহাস ও ঐতিহ্য। সরকার দলের কতিপয় ধর্ষক পূণ্যভুমি সিলেটের ইতিহাস ঐতিহ্যকে কলুষিত করেছে। এমন ন্যাক্কারজনক ঘটনায় গোটা সিলেটবাসী বিস্মিত ও লজ্জিত। ঘটনার সাথে জড়িত সকল আসামীকে ইতোমধ্যে গ্রেফতার করা হয়েছে। অবিলম্বে তাদের দৃষ্টান্তমূলক কঠোর শাস্তি নিশ্চিত করতে হবে। একই সাথে এসব ঘটনার মদদদাতাদেরকেও বিচারের আওতায় নিয়ে আসতে হবে। যাতে ভবিষ্যতে কেউ এমন বর্বর জঘন্য ঘটনা ঘটানোর সাহস না পায়।

প্রেস বিজ্ঞপ্তি